দামুড়হুদায় জাতীয় স্থানীয় সরকার দিবস পালিত

দামুড়হুদায় জাতীয় স্থানীয় সরকার দিবস-২০২৪ পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে আজ মঙ্গলবার সকাল ১০টার সময় উপজেলা প্রশাসনের আয়োজনে বর্ণাঢ্য র্যালি এবং র্যালি শেষে পরিষদের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু’র সভাপতিত্বে সেবা ও উন্নতির দক্ষ রুপকার, উন্নয়নে উদ্ভাবনে জাতীয় স্থানীয় সরকার দিবস উপলক্ষে আলোচনা সভায় উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা, উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, উপজেলা প্রকৌশলী আব্দুর রসিদ, উপজেলা সমবায় অফিসার হারুন অর রসিদ, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, দামুড়হুদা মডেল থানার এসআই তৌহিদুল ইসলাম শেখ সহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দ সহ বিভিন্ন শ্রেণী-পেশার মানুষ উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় আইসিভিজিডি প্রকল্পের প্রশিক্ষণ পরিদর্শন করলেন উপজেলা চেয়ারম্যান

দামুড়হুদা উপজেলার সদর ইউনিয়নে আইসিভিজিডি প্রকল্পের ব্যবসা ভিত্তিক ৬ দিনের চলমান প্রশিক্ষণ পরিদর্শন করেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু।

গতকাল রবিবার বেলা ২ টার দিকে সদর ইউনিয়ন পরিষদে সরজমিনে পরিদর্শন করেন। এ প্রকল্পের আওতায় ২৩ জন নারীকে এ প্রশিক্ষণ দেওয়া হচ্ছে।

এসময় দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু বলেন, বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা তৃণমূলের জনগণকে এগিয়ে নিতে বিভিন্ন প্রকল্পের মাধ্যমে নারীদেরকে স্বাবলম্বী করে তোলার লক্ষ্যে এ ধরনের ব্যবসায়িক প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। যাতে করে সকল নারীরা নিজেরা স্বাবলম্বী হয়ে নিজের পায়ে নিজে দাঁড়াতে পারে, সংসারের হাল ধরতে পারে এবং দেশ ও জনগণকে এগিয়ে নিতে সরকার নিরোলস ভাবে কাজ করে যাচ্ছেন।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, ইউপি সচিব শামীম রেজা, ফিল্ড ট্রেইনার মোঃ মিনারুল ইসলাম ও এল এফ রেশমা খাতুন সহ ইউপি সদস্যবৃন্দ ও গ্রাম পুলিশগন এবং প্রশিক্ষণার্থীরা উপস্থিত ছিলেন।

দামুড়হুদা প্রসূতি মাকে আর্থিক সহায়তা করলেন চেয়ারম্যান হযরত আলী

দামুড়হুদা স্বাস্থ্য কমপ্লেক্সের সেবিকার দ্বারা বিরুপ আচারণের স্বীকার হাতিভাঙ্গা গ্রামের প্রসূতি মা ও শিশুকে দেখা শুনা ও অর্থিক সহায়তা করলেন সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী।

আজ শনিবার বিকাল সাড়ে ৪ টার দিকে হাতিভাঙ্গা বসতি পাড়ায় তারা চাঁদ ফকিরের বাড়িতে গিয়ে অসহায় পরিবারের খোঁজ খবর নেন এবং অর্থিক সহায়তা করেন ।

জানাযায়, দামুড়হুদা উপজেলার হাতিভাঙ্গা গ্রামের বসতি পাড়ার অসহায় পরিবার তারাচাঁদ ফকিরের মেয়ে রোজিনা খাতুন টাকার অভাবে হাসপাতাল কিম্বা ক্লিনিকে নিতে না পেরে গত রবিবার বাড়িতে নরমালে ডেলিভারিতে ছেলে সন্তান জম্ম হয়। নরমাল ডেলিভারি হওয়ার সময় প্রসাবের রাস্তা কেটে যায় এতে রক্ত বের হতে থাকে। পরিবার ও এলাকাবাসীর সহযোগিতায় রোজিনা খাতুনকে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে ইমার্জেন্সিতে কতব্যরত চিকিৎসক

শুনার পর সেবিকাদের নিকট পাঠান।তখন সেবিকার দায়িত্ব পালন করেন অশিতা হালদার, জেনিফা খাতুন ও আয়া সেলিনা খাতুন। এ সময় রোগি দেখার পর অশিতা হালদার ও আয়া সেলিনা খাতুন কিছু টাকা দাবি করে বলে যে হাত মোজা, সাবান,সুতা কিনে আনতে।পরে এগুলো কিনে আনার পর ভুক্তভোগীরা বলে আমরা গরিব মানুষ ২ হাজার টাকা দিব তখন সেবিকা অশিত টাকা কম হওয়ায় রাগগ্নিত হয়ে রোগি এবং রোগির লোকজনকে তাড়িয়ে দেয়।

এমন ঘটনায় স্থানীয় প্রত্রিকায় প্রকাশিত সংবাদ নজরে আসে দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের মানবিক চেয়ারম্যান হযরত আলির। পরে তিনি বিভিন্ন সংবাদকর্মী ও এলাকাবাসীর কাছে ঘটনা শুনে সত্যতা মিললে ছুটে যান হাতিভাঙ্গার বসতি পাড়ার অসহায় পরিবার তারাচাঁদ ফকিরের বাড়িতে। সেখানে তার পরিবারের খোঁজ খবর নেন এবং প্রসূতি মা ও সন্তানের চিকিৎসার জন্য আর্থিক সহায়তা করেন। সেই সাথে প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেওয়া উপহার খাদ্য সম্যগ্রী সেই পরিবারের দেন।

এ সময় প্রসূতি মা রোজিনা খাতুন বলেন, আমার আব্বা গরিব মানুষ আমাকে ঠিকমতো চিকিৎসা করতে পারছে না আর সেই সময় চেয়ারম্যান ভাই আমাদের বাড়িতে এসে সহযোগিতা করেছেন এ কথা কোন দিন ভুলব না। সেদিন নার্সরা আমাকে যেভাবে তাড়িয়ে দিয়েছিল রক্তক্ষরণ হয়ে আমি মরে যেতাম। নার্সরা আমার সাথে যা করেছে তা যেন আর অন্য করো সাথে না করে।

দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী বলেন, স্থানীয় পত্র প্রত্রিকায় সংবাদ প্রকাশিত ও সংবাদিক ভাইদের কাছে খবর পেয়ে আমি ছুটে চলে এসেছি। আসলেই আমি অবাক হয়ে গেছি ঘটনা শুনে।চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য মাননীয় এমপি হাজী আলী আজগার টগর এই এলাকার জনগণের কথা ভেবে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সিজারের ওটি, এক্সরে মেশিন, অক্সিজেন, নতুন বিল্ডিং করে দিয়েছেন। তার পর ও যদি সঠিকভাবে রোগিরা সেবা না পাই তাহলে রোগিরা যাবে কোথায়। এমন ঘটনা শুনলে নিজেদেরই লাজ্জা লাগে। তাই আমি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পরিবার পরিকল্পনা কর্মকতাকে অনুরোধ করবো হাসপাতালে নিয়োজিত ডাক্তার ও নার্সদের একটু মানবিকভাবে চিকিৎসা প্রদানের জন্য।

দামুড়হুদায় প্রশাসনের হস্তক্ষেপে বাল্যবিবাহ বন্ধ

দামুড়হুদা উপজেলা প্রশাসনের হস্তক্ষেপে বন্ধ হলো আরও একটি বাল্যবিবাহ। বরযাত্রীর খাবার গেলো এতিমখানায়। ঘটনাটি ঘটেছে উপজেলার কানাইডাঙ্গা গ্রামে। এ ঘটনায় বর ও কনে উভয় পক্ষকে মোট ১৩ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

আজ বেলা সাড়ে ১২ টার দিকে। অভিযান পরিচালনা করেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সজল কুমার দাস।

জানাগেছে, দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের কানাইডাঙ্গা গ্রামে বাল্যবিবাহর আয়োজন করা হচ্ছে মর্মে সংবাদ পাওয়ায় মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। এসময় বাল্যবিবাহ বন্ধ করা হয়। বর ঠাকুরপুর গ্রামের আলী হোসেন এর ছেলে শামীম। ঘটনার সত্যতা পেয়ে বর ও কনে পক্ষের দুইজনকে বাল্যবিবাহ নিরোধ আইন ২০১৭ এর ০৮ ধারায় বর পক্ষকে ৮ হাজার এবং কনে পক্ষকে ৫ হাজার, উভয় পক্ষকে মোট ১৩ হাজার টাকা অর্থদণ্ড প্রদান করেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার ভূমি ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সজল কুমার দাস।

এসময় বরযাত্রী ও অন্য অতিথিদের জন্য রান্না করা খাবার কার্পাসডাঙ্গা মদিনাতুল উলুম মাদ্রাসা ও এতিমখানায় বিতরণ করা হয়। মোবাইল কোর্ট পরিচালনায় সহযোগিতা করেন দামুড়হুদা কার্পাসডাঙ্গা পুলিশ ফাঁড়ির একটি চৌকস টিম।

দামুড়হুদায় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন

দামুড়হুদায় যথাযোগ্য মর্যাদায় দিনব্যাপী ভাষা শহীদদের স্মরণে শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪ উদযাপন করা হয়েছে।

দিবসটি উপলক্ষে আজ বুধবার দিনব্যাপি বিভিন্ন কর্মসূচি পালন করা হয়। এর মধ্যে প্রভাতফেরী র্যালি আলোচনা সভা পুরস্কার বিতরণী সংগীতানুষ্ঠান ও সকল শহিদদের আত্মার মাগফেরাত কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

উপজেলা প্রশাসনের আয়োজনে আজ সকালে প্রভাতফেরী র্যালী শেষে দামুড়হুদা শেখ রাসেল মিনি স্টেডিয়াম মাঠে সহিদ মিনারে সরকারি প্রতিষ্ঠান সহ বিভিন্ন সংগঠন পুষ্পস্তবক অর্পণ করেন। পরে সংগীতানুষ্ঠান আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতা।

এসময় উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, উপজেলা কৃষি অফিসার কৃষিবীদ শারমিন আক্তার, দামুড়হুদা মডেল থানার ওসি তদন্ত মাহবুবুর রহমান, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, সদর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবির ইউসুফ, দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি এম নুরুন্নবী, উপজেলা সমবায় অফিসার হারুন অর রসিদ প্রমূখ।

দুপুরে ও বিকালে মসজিদ মন্দির সহ বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠানে সকল শহীদদের আত্মার মাগফেরাত কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

দামুড়হুদায় একুশের প্রথম

প্রহরে শহীদ মিনারে শহীদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি অর্পণ

আমার ভাইয়ের রক্তে রাঙ্গানো একুশে ফেব্রুয়ারি, আমি কি ভুলিতে পারি’ এ প্রতিপাদ্যকে সামনে রেখে বিনম্র শ্রদ্ধা ও যথাযথ মর্যাদায় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ও শহীদ দিবসে ভাষা শহীদদের স্মরণ করেছে দামুড়হুদা উপজেলার বিভিন্ন শ্রেণি পেশার মানুষ।

এ উপলক্ষে রাত ১২টা ১ মিনিটে উপজেলার শেখ রাসেল মিনি স্টেডিয়াম প্রাঙ্গণে উপজেলা প্রশাসনের আয়োজনে শহীদ মিনারে প্রথমেই পুষ্পস্তাবক অর্পণ করেন চুয়াডাঙ্গা ২ আসনের সাংসদ সদস্য হাজী মো: আলী আজগার টগর, দামুড়হুদা উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ, এরপরে একে একে দামুড়হুদা উপজেলা প্রশাসন, দামুড়হুদা উপজেলা পরিষদ, দামুড়হুদা মডেল থানা, দর্শনা থানা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, দর্শনা পৌরসভা, দামুড়হুদা সদর ইউনিয়ন, উপজেলা আওয়ামী লীগ, দামুড়হুদা প্রেসক্লাব, উপজেলা যুবলীগ, উপজেলা শ্রমিক লীগ, উপজেলা সাব রেজিস্ট্রার, আব্দুল ওদুদ শাহ ডিগ্রি কলেজে, উপজেলা ছাত্রলীগ সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, এনজিও বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠন শহীদ মিনারে পুস্তক অর্পণ করেন।

এসময় উপস্থিত ছিলেন, বীর মুক্তিযোদ্ধা আছির উদ্দিন, বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা, উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবীর, দর্শনা থানার অফিসার ইনচার্জ ওসি বিপ্লব কুমার সাহা, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, সদর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবির ইউসুফ, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী প্রমূখ।

দামুড়হুদায় অন্যের গরু নিজের বলে দাবী করে জয়রামপুরের বাবু বিপাকে

দামুড়হুদা উপজেলার জয়রামপুর গ্রামের বাবু অন্যের গরু নিজের বলে দাবী করে এখন বিপাকে। আজ মঙ্গলবার বেলা ২ টার দিকে উপজেলার ছোট দুধপাতিলায় এঘটনা ঘটে।

সরজমিনে জানাগেছে, দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের ছোটদুধপাতিলা গ্রামের আব্দুল হাকিম এর ছেলে আহসান হাবীব সে একজন গরুর ব্যাপারী। গরু কেনাবেচা করে।

গত সোমবার ডুগডুগি পশুহাট থেকে ৪৮ হাজার টাকায় একটা লালচে রং এর গরুর বাছুর কেনে। কিন্তু উপজেলার জয়রামপুর কলোনী পাড়ার মৃত নূর হোসেনের ছেলে রিপন হোসেন বাবু’র সোমবার দিবাগত রাত ৩ টার পরে যেকোন সময় তার গোয়ালঘর থেকে লালচে রঙের একটি গরুর বাছুর চুরি হয়ে যাই। গরু চুরির বিষয়ে সে একটি জিডিও করে থানায়।

আজ মঙ্গলবার সকালে সে সন্ধান পায় ছোট দুধ পাতিলা গ্রামে একটি লালচে রঙের গরুর বাছুর আছে। সেখানে গিয়ে সে গরুটিকে নিজের বলে দাবি করে। সেখানে ৩ টি গরু ছিলো। হাউলী ইউপি সদস্য শহিদুল ইসলাম বাবু’র স্ত্রীকে গরু সনাক্ত করতে বল্লে সে অন্য একটি গরু সনাক্ত করে এবং বাবু আর একটি গরু সনাক্ত করে। স্বামী স্ত্রী দুইজন দুইটা গরু সনাক্ত করে। তখনি বাঁধে-বিপত্তি। ঘটনার সংবাদ পেয়ে দামুড়হুদা মডেল থানার পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হন এবং গরুটি উদ্ধার করে হাউলী ৫ নং ওয়ার্ডের ইউপি সদস্য শহিদুল ইসলামের তত্ত্বাবধানে রাখা হয়।

ছোট দুধ পাতিলার গরুর ব্যাপারী আহসান হাবীব গরুটি যার কাছ থেকে কেনা হয়েছে তাকে সন্ধান করে বাছুর গরুটি নিয়ে উপজেলার কুড়ালগাছি ইউনিয়নের সদাবাড়ি গ্রামে গরুর আসল মালিকের বাড়ি যাওয়া হয়। গরুর বাছুর টি ছেড়ে দিলে দৌড়ে তার মা গাভী গরুর কাছে চলে গিয়ে দুধ পান করে। গরুর মালিক এবং স্থানীয় পাড়া-প্রতিবেশী বলেন এই বাছুর গরুটি তারা বিক্রি করেছেন। সেখানে প্রমাণ হয় গরুটি ছোটদুধপাতিলা গ্রামের ব্যাপারী আহসান হাবীব আসলেই কিনেছে। এটা চোরাই গরু নয়। জয়রামপুরের বাবু যে গরুটি নিজের বলে দাবি করছে সে সম্পূর্ণ

মিথ্যা এবং ভিত্তিহীন বানোয়াট তথ্য দিয়ে মানুষজন এবং পুলিশকে বিভ্রান্তি করেছে। প্রতারণার আশ্রয় নিয়ে গরুটিকে নিজের বলে দাবি করে কুক্ষিগত করার চেষ্টা করেছে। এলাকাবাসী দাবি তুলেছে এই প্রতারককে আইনের আওতায় এনে শাস্তি হওয়া উচিত।

এবিষয়ে আহসান হাবীব বলেন, এলাকাবাসী ও পুলিশ কে মিথ্যা তথ্য দিয়েছে। বাবু আমাকে হেনস্থা করেছে। মানুষজনের সামনে আমাকে চোর সাব্যস্ত করার চেষ্টা করেছে। আমি বাবুর নামে দামুড়হুদা মডেল থানায় মান হানীর মামলা করবো। আমি এর উপযুক্ত বিচার চাই। বাবু বলেছে ৮/ ৯ মাস ধরে গরুটি তারা পুষছে। তাহলে তারা নিজের গরু চিনতে পারছে না। তারা ইচ্ছা করেই আমাকে চোর সাব্যস্ত করার চেষ্টা করেছে। আমার গরুটি ছিনিয়ে নেওয়ার চেষ্টা করছে। আমি যে গরুটি কিনেছি সেটা একটা বাছুর গরু এখনো সে দুধ খায়।

এবিষয়ে হাউলী ইউপি সদস্য ও প্যানেল চেয়ারম্যান শহিদুল ইসলাম বলেন, আমার প্রতিবেশী আঃ হাকিম এর ছেলে আহসান হাবীব গত সোমবার ডুগডুগি গরুর হাট থেকে একটি গরুর বাছুর কেনে।

কিন্তুু জয়রামপুরের মৃত: নুর হোসেন এর ছেলে রিপন হোসেন বাবু বাছুর গরুটিকে নিজের বলে দাবি করলে দামুড়হুদা মডেল থানার এস আই তৌহিদ গরুটি আমার হেফাজতে রাখে। তখন আমি আমার প্রতিবেশী কে বলি গরুটি কার কাছ থেকে কেনা হয়েছে তার সন্ধান করো এবং সেখানে চলো। তারপর আমরা বাবু’র ভাই সহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ সেখানে যায়। কিন্তু বাবু আমাদের সাথে যায়নি। গরুর আসল মালিকের বাড়ি গিয়ে আমরা প্রমাণ করতে সক্ষম হয় গরুটি আসলে চোরাই গরু নয়। গরুটি আসলেই ক্রয়কৃত গরু। বাবু আমাদের মিথ্যা বলেছে। আসলে গরুর বাছুর টি বাবুর নয়। তবে এটাও সত্যি যে বাবুর একটি গরু হারিয়ে গেছে। কিন্তু এই গরুটি তার নয়।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবির বলেন,যার গরু তার সত্যতা পাওয়া গেছে।একজনের গরু যদি অন্য একজন যদি মিথ্যাভাবে দাবি করে তাহলে লিখিত অভিযোগ দায়ের করলে তদন্তপূর্বক আইনগত ব্যবস্থা গ্রহন করা হবে।

দামুড়হুদায় ২দিন ব্যাপী কৃষি মেলার উদ্বোধন

দামুড়হুদা উপজেলার জুড়ানপুর ইউনিয়নের বিষ্ণুপুর হাই স্কুল মাঠে দুই দিনব্যাপী কৃষি মেলার শুভ উদ্বোধন করলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা। আজ সোমবার বেলা ১১ টার দিকে।

দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা বলেন, আমাদের দেশের কৃষকরাই হলো সেরা বিজ্ঞানী, কৃষিকাজে আমরা প্রতিনিয়তই তাদের কাছ থেকে কিছু না কিছু শিখি। কৃষি কাজে প্রচুর পরিমানে পানির ব্যবহার করা হয়, সে পানি যেন যুগোপযোগী ভাবে ব্যবহার হয় এবং পানির সাশ্রয় করা যায়। অর্থাৎ দক্ষ পানির ব্যবহার এবং উত্তম কৃষি ব্যবস্থাপনা। এই কৃষি উৎপাদন করতে গিয়ে আমরা যে পানি ব্যবহার করি, সেই পানি যাতে অপচয় না হয় সেদিকে বিশেষ ভাবে খেয়াল রাখতে হবে। একটা ইউনিয়নে মাঠের পর মাঠ এত ধান চাষ হয়, তাহলে সেখানে কতো পানির ব্যাবহার করা হয়। এই পানি কোনভাবেই অপচয় করা যাবে না। সব ক্ষেত্রে প্রচুর পরিমাণে পানির ব্যবহার করা হয়। এই পানি সাশ্রয় করে কমিয়ে কিভাবে উৎপাদন বাড়ানো যায়, সে দিকে বিশেষভাবে খেয়াল রাখা প্রয়োজন। তাই এই কৃষি মেলার অন্যতম উদ্দেশ্য হলো দক্ষ ভাবে পানি কিভাবে ব্যবস্থাপনা করা যায়, পানির উত্তম ব্যবহার করে কৃষি ব্যবস্থাপনা কিভাবে করা যায়।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা। উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ শারমিন আক্তার, দামুড়হুদা মডেল থানার ওসি তদন্ত মাহবুবুর রহমান সহ উপসহকারী কৃষি কর্মকর্তা, উপজেলার বিভিন্ন গ্রাম থেকে আগত কৃষকেরা, বিভিন্ন স্কুল কলেজের শিক্ষার্থীরা, আমন্ত্রিত অতিথি ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় প্রশাসনকে বুড়ো আঙুল দেখিয়ে দেশের সম্পদ লুটপাট

দামুড়হুদা উপজেলার দর্শনা টু মুজিবনগর মহাসড়কের পাশে থাকা সরকারি গাছের ডাল এবং গাছ কেটে দিনে দুপুরে পাঁচার হয়ে যাচ্ছে যেন দেখার কেউ নেই। প্রশাসনকে বুড়ো আঙুল দেখিয়ে দেশের সম্পদ লুটপাট করে খাচ্ছে।

হাউলী ইউনিয়নের রুদ্রনগর গ্রামের মজিদের ছেলে মোঃ বিল্লাল হোসেন (৪০) নামের এই তরতাজা যুবক দেশের সম্পদ জনগণের সম্পদ লুটপাট করে খাচ্ছে। সে এবং তার কিছু সঙ্গ পাঙ্গ।

সরজমিনে খোঁজ খবর নিয়ে জানা যায় সে পেশায় একজন দেশের সম্পদ জনগণের সম্পদ আত্মসাৎ কারী। যেখানে সরকারি মালামাল আছে সেখানে তার লুটপাট আছে। আর তাঁর পাশাপাশি লোক দেখানো পাখিভ্যান চালিয়ে মানুষকে দেখায় আমি সৎ উপার্জন করি। আসলে তিনি সৎ উপার্জন করেন না, তিনি অসৎ কাজে লিপ্ত থাকে এমনকি দুষ্টু পানি, কোমলপানিসহ, নানা ধরনের মাদকদ্রব্যে আসক্ত গ্রামের লোকজনের সাথে ভালো সম্পর্ক নাই এমনকি যাবতীয় দুষ্ট পানি পান করে গ্রামের লোকজনের সাথে দাঙ্গামা হাঙ্গামা করে, তাঁর ভয়ে গ্রামের কেউ কথা বলার সাহস পায় না ।

তিনাকে গ্রামের লোকজন বাঁধা দিতে গেলে তিনি বলেন আমি কাউকে তোয়াক্কা করি না, আমার ভাই অমক আমার ভাই তমুক আমার পিছনে বড় বড় লোকের হাত আছে। এমনকি আমি প্রশাসন কেউও তোয়াক্কা করি না। আমি জেল জরিমানার ও ভয় করি না, জেলখানা আমার শশুর বাড়ির মতো, সকালে গেলে বিকালে বাড়ি চলে আসবো ইত্যাদি ইত্যাদি ।

বিষয়টি দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা ও প্রশাসনের সকল কর্মকর্তা কে বিশেষ ভাবে দৃষ্টি আকর্ষণ জানাচ্ছি দেশদ্রোহী বিশ্বাসঘাতকদের আইনের আওতায় এনে দৃষ্টান্ত মূলক শাস্তির দাবি জানিয়েছেন এলাকাবাসীসহ সচেতন মহল।

দামুড়হুদায় ৪৬ বোতল ফেন্সিডিলসহ মাদক ব্যবসায়ী আটক

দামুড়হুদায় মাদকবিরোধী বিশেষ অভিযান চালিয়ে ৪৬ বোতল ফেনসিডিলসহ একটি পিকআপ আটক করেছে পুলিশ। এ সময় মেহেরপুর জেলার মুজিবনগর উপজেলার জয়পুর গ্রামের নোয়াজ্জেস মিয়ার ছেলে মাসুদ রানাকে (৪৫) আটক করা হয়।গতকাল রোববার (১৮ ফেব্রুয়ারি) রাত ১১টার দিকে এ অভিযান চালায় পুলিশ।

চুয়াডাঙ্গা পুলিশ সুপার আরএম ফয়জুর রহমান এক প্রেসবিজ্ঞপ্তিতে জানান, গতকাল রোববার গোপন সংবাদের ভিত্তিতে দামুড়হুদা মডেল থানার ওসি আলমগীর কবিরের নেতৃত্বে কার্পাসডাঙ্গা ক্যাম্পের একদল পুলিশ মাদকবিরোধী বিশেষ অভিযান পরিচালনা করে। এ সময় রাত সাড়ে ১১টার দিকে কানাইডাঙ্গা গ্রামের কবরস্থান মোড়ে সুবলপুরগামী পাকা রাস্তার ওপর হতে ৪৫ বোতল ফেনসিডিল ও একটি পিকআপসহ মাসুদ রানাকে আটক করা হয়।

দামুড়হুদা মডেল থানার ওসি আলমগীর কবির জানান, আটককৃত আসামির বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদক আইনে নিয়মিত মামলা রুজু করা হয়েছে।